

তারিখ \_\_\_\_\_

মাননীয় মাতা-পিতা / অভিভাবক:

এই বসন্তে, আপনার সন্তান \_\_\_\_\_ ইংরেজি ভাষায় কতটা দক্ষ (English language proficiency) তা নির্ধারণের জন্য, “নিউ ইয়র্ক স্টেট ইংলিশ এ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ এ্যাচিভমেন্ট টেস্ট” (New York State English as a Second Language Achievement Test - NYSESLAT) পরীক্ষা নেওয়া হয়। NYSESLAT – তে আপনার সন্তানের নম্বর \_\_\_\_\_ স্তরে রয়েছে যেটা নির্দেশ করে যে, আপনার সন্তান যে ইংরেজি ভাষার শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার – ইএলএল, English Language Learner – ELL) নামক পরিষেবা পাচ্ছিলো তা বজায় থাকবে। এই পরিষেবা, কমিশনারের বিধানগুলির অংশ ১৫৪ (Commissioner’s Regulations Part 154, কমিশনারস রেগুলেশনস পার্ট ১৫৪) দ্বারা নির্দেশিত।

আপনার সন্তান বর্তমানে যে ইএলএল কর্মসূচির আওতায় রয়েছে সেটাই বহাল থাকবে। বিভিন্ন পরীক্ষায় দেখা গেছে যে নিতান্ত প্রয়োজন না হলে নির্বাচিত কর্মসূচি বদল না করাই উচিত। একজন ছাত্র / ছাত্রী যদি একটি নির্দিষ্ট কর্মসূচিতে নিয়মিতভাবে অংশগ্রহণ করতে থাকে এবং যদি তাকে এক কর্মসূচি থেকে অন্যতে স্থানান্তরিত না করা হয়, তাহলে সেটা ছাত্র / ছাত্রীর সাফল্য বৃদ্ধিতে সহযোগী হতে পারে।

আপনার যদি কোন প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে \_\_\_\_\_ -র সাথে \_\_\_\_\_  
নম্বরে যোগাযোগ করুন।

আমরা কামনা করি আমাদের সহযোগিতায় আপনার সন্তান ইংরেজিতে আরও দক্ষ হয়ে উঠুক।

বিনীত,

অধ্যক্ষ বা পদাধিকারী